

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

www.rbi.org.in

আরবিআই / 2009-10/142

ডিবিওডি. নং. এলইজি.বিসি. 37/09.07.005/2009-10

সেপ্টেম্বর 2, 2009

সকল শেডিউলড কমার্শিয়াল ব্যাঙ্ক
(আরআরবিএস ব্যতীত)

শ্রদ্ধেয় মহাশয়,

বিষয় : স্থানীয় লেভেল কমিটিগুলির বিষয়ে তথ্যের প্রদর্শন যেগুলি তৈরি হয়েছে জাতীয় ট্রাস্টের অন্তর্গত অটিজম,সেরিব্রাল প্যালসি, মানসিক অসঙ্গতি এবং একাধিক অক্ষমতাসহ ব্যক্তিদের জন্যে বিধি 1999 অনুযায়ী উন্নতির জন্যে ।

অনুগ্রহ করে গ্রাহক পরিষেবার উপর আমাদের মাস্টার সার্কুলার DBOD.No.Leg.BC.9/09.07.006/2009-10 তারিখ জুলাই 1, 2009 এর পরিচ্ছদ 11 দেখুন, যেখানে হয় জেলা আদালতের অন্তর্গত মেন্টাল হেল্থ অ্যাক্ট, 1987-এর অনুসারে ইস্যু করা অথবা লোকাল লেভেল কমিটির অন্তর্গত ন্যাশনাল ট্রাস্ট ফর দি ওয়েলফেয়ার অফ পার্সনস উইথ অটিজম, সেরিব্রাল প্যালসি, মেন্টাল রিটার্ডেশন এবং মাল্টিপল ডিসএবিলিটিজ অ্যাক্ট, 1999 (অতঃপর মেন্টাল ডিসএবিলিটিজ অ্যাক্ট হিসাবে উল্লেখ করা হবে) অনুসারে ইস্যু করা গার্জিয়ান সার্টিফিকেটের উপর নির্ভর করে, তাঁদের আইনী অভিভাবক দ্বারা ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা / অ্যাকাউন্ট চালনা করতে দেওয়ার জন্যে ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। ব্যাঙ্কগুলিকে এছাড়াও নির্দেশ দেওয়া হয়েছে তাদের শাখা থেকে যেন অক্ষম ব্যক্তিদের পিতামাতা / আত্মীয়স্বজনদের কোনো অসুবিধা না হয় এই বিষয়ে তাঁদের যথাযথভাবে নির্দেশ দিয়ে সহযোগিতা নিশ্চিত করার জন্যে।

2. এমনই একটি বিষয় যেটি দিল্লি মহাবিচারালয়ের গোচরভুক্ত করা হয়েছিল এবং মহামান্য আদালত নির্দেশ দিয়েছেন যে সকল ব্যাঙ্কে নিশ্চিত করতে হবে যে, তাদের শাখাগুলির একটি সুস্পষ্ট স্থানে (i) অধিনিয়ম (মেন্টাল ডিসএবিলিটিস বিধি)-এর সুবিধাগুলির বিষয়ে প্রয়োজনীয় বিবরণ, (ii) সার্টিফিকেট ইস্যু করার জন্যে পার্টি থেকে লোকাল লেভেল কমিটির কাছে আবেদন জানানোর সুবিধা এবং মেন্টাল ডিসএবিলিটিস অ্যাক্টের অন্তর্গত ইস্যু করা সার্টিফিকেট গ্রহণ করার বাধ্যবাধকতা এবং (iii) সেই অঞ্চলের লোকাল লেভেল কমিটির ঠিকানার বিবরণ - এই সকল বিষয়গুলিকে প্রদর্শিত করতে হবে।

ডিপার্টমেন্ট অফ ব্যাঙ্কিং অপারেশনস অ্যান্ড ডেভেলপমেন্ট, সেন্ট্রাল অফিস, 12থ ফ্লোর, সেন্ট্রাল অফিস বিল্ডিং, শহীদ ভগত সিংমার্গ, মুম্বাই ই-মেল : cgmicdbodco@rbi.org.in

এছাড়াও মহামান্য আদালত আরো নির্দেশ দিয়েছেন যে এই বিষয়গুলিকে ইংরাজী / হিন্দী (অথবা উভয়) ভাষায় প্রদর্শিত করতে হবে।

3. ব্যাঙ্কগুলিকে মহামান্য আদালত প্রদত্ত উপরিউক্ত নির্দেশগুলিকে দৃঢ়ভাবে পালন করার জন্যে উপদেশ দেওয়া হয়েছে। ব্যাঙ্কগুলিকে এছাড়াও নির্দেশ দেওয়া হয়েছে তারা যেন নিশ্চিত করে যে, মেন্টাল ডিসএবিলিটিজ বিধি-র আইনগুলিকে দৃঢ়ভাবে মান্য করা হচ্ছে। লক্ষণীয় বিষয় হল লোকাল লেভেল কমিটির বিবরণগুলি ন্যাশনাল ট্রাস্ট ফর দি ওয়েলফেয়ার অফ পার্সনস উইথ অর্টিজম, সেরিব্রাল প্যালসি, মেন্টাল রিটার্ডেশন এবং মাল্টিপল ডিসএবিলিটিজ-এর ওয়েবসাইটে, অর্থাৎ www.thenationaltrust.in - এ উপলব্ধ।

আপনাদের বিশ্বাসভাজন,

(বি. মহাপাত্র)

চিফ জেনারেল ম্যানেজার